



বাংলাদেশ হাই কমিশন নয়া দিল্লী, ভারত



সম্প্রতি করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ভারত সরকার ঘোষিত লকডাউন (lockdown) এর ফলে যেসব বাংলাদেশী ভাই-বোনেরা ভারতের বিভিন্ন অঞ্চলে অবরুদ্ধ অবস্থায় আছেন তাদেরকে নিম্নবর্ণিত বিষয়াদি সম্পর্কে অবহিত করা হচ্ছে:

- ভারত সরকার বিগত ২৫ মার্চ ২০২০ থেকে ২১ দিনের জন্য (আগামী ১৪ এপ্রিল ২০২০ পর্যন্ত) সম্পূর্ণ লকডাউন এর ঘোষণা দিয়েছেন যা ভারতীয় ও বিদেশী নাগরিক নির্বিশেষে সকলের জন্য প্রযোজ্য বলে জানানো হয়েছে। তাই ভারতে অবস্থানরত সকল বাংলাদেশীদের নিজ নিজ এলাকার স্থানীয় কর্তৃপক্ষ তথা ভারত সরকারের নিয়মাবলী যথাযথভাবে পালন করে স্ব স্ব আবাসনে অবস্থানের জন্য অনুরোধ করা যাচ্ছে।
- নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলুন। আপনার আশেপাশের লোকজনের সাথে প্রয়োজনীয় ও নিরাপদ দূরত্ব বজায় রাখুন। প্রয়োজনে মাস্ক ব্যবহার করুন ও সাবান/ হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার রাখুন। জ্বর, সর্দি, কাশি, শ্বাসকষ্ট ইত্যাদি উপসর্গ দেখা দিলে অবিলম্বে নিকটস্থ হাসপাতাল বা চিকিৎসকের সাথে যোগাযোগ করুন। আপনার সঙ্গে কোন রোগী থাকলে কিংবা আপনি নিজে অসুস্থ হলে রোগী ও নিজের শরীরের যত্ন নিন। চিকিৎসক এর পরামর্শ মোতাবেক সাবধানতা অবলম্বন করুন।
- বর্ণিত লকডাউন পরিস্থিতিতে ভারত সরকার অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক যোগাযোগের ক্ষেত্রে বিমান, রেল, গণ-পরিবহন ও ব্যক্তিগত পরিবহন রাস্তায় চলাচল (কিছু জরুরী সেবা ব্যতিরেকে) সম্পূর্ণ নিষিদ্ধ করেছেন। চলাচলে নিষেধাজ্ঞা, স্বাস্থ্যবিধি পালনে কঠোর বাধ্যবাধকতা, বিশেষ ব্যবস্থায় দেশে প্রত্যাবর্তনের পদ্ধতিগত জটিলতা এবং রোগী ও প্রবীণদের জন্য এরূপ ভ্রমণ ঝুঁকিপূর্ণ হবে বিধায় সবাইকে ধৈর্য সহকারে লকডাউন সময়টুকু পার করার জন্য অনুরোধ করা যাচ্ছে। তবে যে সকল শহরে বিপুলসংখ্যক বাংলাদেশী রয়েছেন তাদের নিজ ব্যয়ে, নিরাপদে ও সাশ্রয়ীভাবে স্বদেশ প্রত্যাবর্তনের সম্ভাব্যতা বাংলাদেশ সরকার গুরুত্বসহকারে যাচাই করছেন যা প্রক্রিয়াগত কারণে কিছুটা সময়সাপেক্ষ হতে পারে। উল্লেখ্য, এরূপ ক্ষেত্রে আন্তর্জাতিক নিয়মানুযায়ী স্বাস্থ্য সনদ প্রদান ও কোয়ারেন্টাইন পালনসহ বিবিধ বিধান অনুসরণের প্রয়োজনীয়তা থাকবে।
- অনেকের ভিসার মেয়াদ হয়তো ফুরিয়ে যাচ্ছে কিংবা লকডাউন সময়ের মধ্যে মেয়াদোত্তীর্ণ হয়ে যাবে। এসকল ক্ষেত্রে ভারত সরকার ভিসার মেয়াদ আগামী ৩০ এপ্রিল ২০২০ পর্যন্ত বিনা ফি তে বৃদ্ধি করবেন। এ জন্য অবিলম্বে হাতে সময় রেখে অনলাইনে eFRRO এ আবেদন করুন। ওয়েবসাইটের ঠিকানা: <<https://indianfrro.gov.in/eservices>>।
- বাংলাদেশ হতে টাকা আনার প্রয়োজন হলে দেশে বৈদেশিক মুদ্রা লেনদেনকারী ব্যাংক শাখাসমূহ/ অথরাইজড ডিলার (Authorised Dealer)/ এক্সচেঞ্জ হাউসসমূহের সাথে যোগাযোগ করতে পারেন। বহির্মুখী টাকা প্রেরণের ক্ষেত্রে ইতঃপূর্বে আরোপিত শর্ত শিথিল করা হয়েছে এবং বিদেশে প্রয়োজনীয় অর্থ প্রেরণে আর কোন বাধা নেই। যারা ক্রেডিট কার্ড ব্যবহার করছেন তারা সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করে ক্রেডিট লিমিট বাড়িয়ে নিতে পারবেন। এ সকল বিষয়ে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা জারি করেছেন।
- ভারতে বাংলাদেশ মিশনসমূহে যথাক্রমে নয়াদিল্লী (+৯১ ৮৫৯৫৫ ৫২৪৯৪), কলকাতা (+৯১ ৯০৩৮২ ২৩৮৩২ ও +৯১ ৮২৪০৪ ০৫৪৯৮), মুম্বাই (+৯১ ৯৮৩৩১ ৫৯৯৩০), গোয়াহাটি (+৯১ ৯৫৭৮৯ ৩৯৩০৪) ও আগরতলায় (+৯১ ৮১১৯৯ ১০৯২৪) হটলাইন নাম্বার খোলা রয়েছে। প্রচুর টেলিফোন আসার কারণে নাম্বারগুলো ব্যস্ত থাকলে এসব নাম্বারে WhatsApp/SMS বার্তা পাঠাতে পারেন।
- করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে গোটা বিশ্ব এক সংকটময় সময় অতিক্রম করছে। এ সময় আমাদের সচেতন, সহনশীল ও সংবেদনশীল হতে হবে। ভারতে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ যেকোন প্রয়োজনে আপনাদের পাশে রয়েছে। করোনাভাইরাসের বিস্তাররোধে স্বাগতিক দেশের নিয়মাবলী নিজে মেনে চলুন, অন্যদেরও মেনে চলতে উৎসাহিত করুন। সুস্থ থাকুন, ভাল থাকুন।